



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা
ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৪৯

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৬ বাংলা
০৬ আগস্ট ২০১৯ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

বিষয়ঃ ডেঙ্গু জ্বর প্রতিরোধে বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ ও চিকিৎসায় আর্থিক সহায়তা প্রদান প্রসংগে।

প্রিয় মহোদয়,

বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাসসহ দেশের যে কোন প্রাকৃতিক দুর্যোগ/সংকটকালীন সময়ে সরকারের পাশাপাশি আপনারা দেশের অসহায় দরিদ্র জনগোষ্ঠীর কষ্ট লাঘবে আর্থিক সহায়তাসহ বিভিন্ন ধরনের সামাজিক কার্যক্রম পরিচালনা করে আসছেন।

আপনারা অবগত আছেন যে, সাম্প্রতিক সময়ে রাজধানী ঢাকাসহ প্রায় সমগ্র দেশে ডেঙ্গু রোগ ছড়িয়ে পড়েছে। সরকার ইতোমধ্যেই সরকারী সকল হাসপাতালে ডেঙ্গু ল্যাব টেস্ট বিনামূল্যে সম্পন্ন করা এবং সকল বেসরকারী হাসপাতাল ও ক্লিনিকের জন্য এ রোগের ল্যাব টেস্টের সর্বোচ্চ ফি নির্ধারণ করাসহ এ সমস্যা মোকাবেলায় বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এ প্রেক্ষিতে সরকারের গৃহীত উক্ত পদক্ষেপ বাস্তবায়নে সহযোগিতা করাসহ ডেঙ্গুজ্বর প্রতিরোধে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের গ্রাহক ও তদসংশ্লিষ্ট দরিদ্র জনগোষ্ঠীকে নিয়ে সমিতি পর্যায়ে বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো।

এছাড়া প্রতিষ্ঠানের গ্রাহকসহ ডেঙ্গু রোগে আক্রান্ত দরিদ্র জনগোষ্ঠীর চিকিৎসা ব্যয় আর্থিক সামর্থ্য অনুযায়ী সংস্থার উদ্বৃত্ত তহবিল হতে সংস্থান করার জন্যও অনুরোধ করা হলো।

উল্লেখ্য, বর্ণিত খাতে উদ্বৃত্ত তহবিলের অর্থ ব্যয়ের ক্ষেত্রে কার্যক্রম গ্রহণের পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে এতদবিষয়ক গৃহীত কার্যক্রমের বিস্তারিত তথ্য (প্রয়োজনীয় প্রমাণকসহ) উল্লেখপূর্বক উক্ত ব্যয়ের বিষয়ে অত্র অথরিটি হতে কার্যোত্তর অনুমোদন গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)

পরিচালক

ফোনঃ ৪৮ ৩১ ৫৭ ১৫